গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শাজাহানপুর, বগুড়া
acl.shajahanpur.bogra.gov.bd

BOGURA | PUNDRA CIVILIZATION

ভূমি মন্ত্রণালয়

স্মারক নং-৩১.৫০.১০৮৫.০০০.০৪.০০৫.২৫.০২

তারিখ: ১৮ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহাল ইজারার অনলাইনে দরপত্র/আবেদনপত্র আহ্বানের বিজ্ঞপ্তি:

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী ২০১২) মোতাবেক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস (বদ্ধ) জলমহালসমূহ শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩২ সনের ১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কেবল সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী স্থানে অবস্থিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতির অনুকূলে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ইজারা প্রদান পদ্ধতির আওতায় মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না গেলে জলমহালের পার্শ্ববর্তী সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিকে (বেকার যুবক/বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাদের সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার/ভিডিপি/গ্রাম পুলিশ সদস্য/দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি) উল্লিখিত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদান করা হবে। ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা কর্তৃক ১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৯৪ নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী, ২০১২) অনুযায়ী বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) ১৪৩২-১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে শর্ত সাপেক্ষে আগ্রহী মৎস্যজীবী সমিতি/সংগঠন/নিবন্ধিত একক সমিতিকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে jm.lams.gov.bd ওয়েবসাইটের নির্দেশনা মোতাবেক রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা ও জলমহালসমূহের হালনাগাদ তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। অনলাইনে আবেদনের সময় চাহিত তথ্যাবলি এবং প্রয়োজনীয় কাগজাদি আপলোড না করলে আবেদন অসম্পূর্ণ হিসেবে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদন বাতিলযোগ্য মর্মে বিবেচিত হবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

উল্লেখ্য, www.jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন করার পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবর ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

## ক্যালেন্ডার ও সময়সূচি:

| ক্র. নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (১৫-২৮ জানুয়ারি, ২০২৫) এর মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২. | ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (২৮ জানুয়ারি, ২০২৫) পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩. | ২০ মাঘ হতে ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (০৩-০৯ ফেব্রুয়ারি, ২০২৫) এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪. | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ (১০-১৭ ফেব্রুয়ারি, ২০২৫) এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ (১৮ফেব্রুয়ারি-১০ মার্চ, ২০২৫) এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬. | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ (১১-১৩ মার্চ, ২০২৫) এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ২৯ ফাল্গুন থেকে ২০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ (১৪ মার্চ-০৩ এপ্রিল,২০২৫) এর মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৮. | ১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ (১৪ এপ্রিল, ২০২৫) | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**বি:দ্রঃ ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্য ও শর্তাবলি উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া এর ওয়েবসাইটে পাওয়া যাবে।**

০২/০১/২০২৫

(মোঃ তাইফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর, বগুড়া।
ফোনঃ০১৭৩৩-৩৩৫৪২৩
ই-মেইলঃ unoshajahanpur@mopa.gov.bd